

হাবীবুল্লাহ সিরাজী  
মহাপরিচালক



বাংলা একাডেমি  
৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা ১০০০  
ফোন : ৫৮৬১১২১৫, ফ্যাক্স : ৯৬৬১০৮০  
ইমেইল : dgbanglaacademy@gmail.com  
ওয়েবসাইট : www.banglaacademy.gov.bd

## বাংলা একাডেমির সভাপতি জাতীয় অধ্যাপক আনিসুজ্জামানের প্রতি বাংলা একাডেমির শেষ শ্রদ্ধা

বাংলা একাডেমির মহাপরিচালক হাবীবুল্লাহ সিরাজী গতকাল ১৪ মে ২০২০ ঢাকার গুলশানে একাডেমির প্রয়াত সভাপতি, জাতীয় অধ্যাপক আনিসুজ্জামানের বাসভবনে গিয়ে তাঁর পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা প্রকাশ করেন।

আজ ১৫ মে ২০২০ সকালে আজিমপুরে অধ্যাপক আনিসুজ্জামানের দাফনকার্যেও বাংলা একাডেমির পক্ষ থেকে অংশগ্রহণ করেন একাডেমির মহাপরিচালক হাবীবুল্লাহ সিরাজী।

### জাতীয় অধ্যাপক আনিসুজ্জামানের প্রয়াগে বাংলা একাডেমির শোকবাণী

আমরা বেদনার্ত চিত্তে জানাচ্ছি বাংলা একাডেমির শ্রদ্ধেয় সভাপতি, বাংলা সাহিত্যের প্রখ্যাত গবেষক, জাতীয় অধ্যাপক আনিসুজ্জামান গতকাল প্রয়াত হয়েছেন।

আনিসুজ্জামান রাষ্ট্রভাষা আন্দোলন ও মহান মুক্তিযুদ্ধের সক্রিয় যোদ্ধা। তাঁর গবেষণা বাংলা গদ্য সম্পর্কে যেমন দিক উন্মোচন করেছে তেমনি তাঁর অজস্র সম্পাদনাকর্ম আমাদের সাহিত্যকে করেছে সমৃদ্ধ।

বাংলা একাডেমির তিনি ছিলেন প্রথম বৃত্তিপ্ৰাপ্ত গবেষক, একাডেমির সম্মানিত ফেলো এবং একাডেমির ইতিহাসে সর্বাধিক কালপর্বের মান্যবর সভাপতি। তাঁর গুরুত্বপূর্ণ গ্রন্থগুলোর অধিকাংশেরই গর্বিত প্রকাশক বাংলা একাডেমি।

বাংলা একাডেমি পরিবার তাঁকে হারিয়ে শোকস্তব্ধ। আমরা তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করি এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করি।

  
হাবীবুল্লাহ সিরাজী  
মহাপরিচালক